

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 20-08-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Army Recruitment Rally :

প্রথম পর্যায়ের অগ্নিবীর নিয়োগ প্রতিয়ার অঙ্গ হিসেবে ভারতীয় সেনাবাহিনীর শিলচর কার্যালয়ের উদ্যোগে ত্রিপুরার প্রাথমিক ভাবে বাছাই হওয়া প্রার্থীদের জন্য আজ থেকে ২৩ আগস্ট পর্যন্ত আগরতলার বিবেকানন্দ স্টেডিয়ামে নিয়োগ রয়ালি অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, প্রার্থীদের শারীরিক যোগ্যতার পরীক্ষায় অংশ নেওয়ার জন্য তাদের অ্যাডমিট কার্ডও সেনা কর্তৃপক্ষ ই-মেইলে পাঠিয়ে দিয়েছে বলে জানিয়েছেন শিলচরে সেনাবাহিনীতে ভর্তি সংক্রান্ত কার্যালয়ের অধিকর্তা কর্নেল রাকেশ ডোগড়া।

####byte col. rakesh dogra ####

Vikshit Krishi Sankalp Avijan :

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন, আগামী তেসরা অক্টোবর বিকশিত কৃষি সংকল্প অভিযান কার্য্যকর হবে। লোকসভায় প্রশ্নেতর পর্বে অতিরিক্ত প্রশ্নের উত্তরে শ্রী চৌহান জানান, ১৮ই অক্টোবর পর্যন্ত এই অভিযান চলবে। এর উদ্দেশ্য হল কৃষক ও কৃষিবিজ্ঞানীদের মধ্যে সরাসরি সংযোগ স্থাপন। বিকশিত কৃষি সংকল্প অভিযানে কয়েক হাজার কৃষি বিজ্ঞানী

ও কৃষি দপ্তরের আধিকারিক বিভিন্ন গ্রামে যাবেন, মত বিনিময় করবেন কৃষকদের সঙ্গে। ফসলের উত্পাদন বাড়ানোর লক্ষ্যে কৃষি ক্ষেত্রের নতুন নতুন প্রযুক্তি সম্পর্কে তারা অবহিত করবেন কৃষকদের।

Amit Shah :

প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা ও বিধায়ক রামপদ জমাতিয়া গতকাল নতুন দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তাদের মধ্যে রাজ্যের স্বার্থসংলিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

Swadesh Darshan project-Tripura :

রাজ্যের জনজাতি সম্প্রদায়কে পর্যটনের সঙ্গে যুক্ত করতে এবং পর্যটনের সুবিধাকে তৃণমূল স্তর পর্যন্ত পৌঁছে দিতে কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্পে ত্রিপুরার জন্য ১২৫ কোটি ৬৫ লক্ষ টাকা ব্যয় করেছে। সম্প্রতি লোকসভায় কেন্দ্রীয় পর্যটনমন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত সাংসদ কৃতি দেবী দেববর্মণের এক প্রশ্নের উত্তরে এতথ্য জানান। কেন্দ্রীয় মন্ত্রী জানান, স্বদেশ দর্শন প্রকল্পে ত্রিপুরার জন্য উত্তর পূর্ব সার্কিটে ২০১৫-১৬ অর্থবছরে মোট ৮২ কোটি ৮৫ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়েছিল। এই অর্থে আগরতলা, সিপাহিজলা, মেলাঘর উদয়পুর, অমরপুর, তীর্থমুখ, মন্দিরঘাট, উম্মুর, নারিকেলকুঞ্জ, গণাতুইসা ও আমবাসার বিভিন্ন পর্যটন কেন্দ্রের উন্নয়নের কাজ করা হয়।

Rajib Bhattacharjee :

দিল্লিতে সাংসদ রাজীব ভট্টাচার্যের সরকারি বাসভবনে মহারাজা বীরবিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন করা হয়েছে। দিল্লীতে অধ্যয়নরত রাজ্যের বিভিন্ন শিক্ষার্থীদের নিয়ে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা, শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা সহ অন্য বিধায়করা।

B. Sudershan Reddy :

সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি বি সুদর্শন রেড্ডি, উপরাষ্ট্রপতি নির্বাচনে বিরোধী আই.এন.ডি.আই.এ জোটের প্রার্থী হচ্ছেন। কংগ্রেস সভাপতি মল্লিকারজুন খারগে গতকাল নতুন দিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে তাঁর নাম ঘোষণা করেন। শ্রী খারগে বলেন, সব বিরোধী দলই সহমত হয়েছে যে আদর্শগত কারণেই এই উপ রাষ্ট্রপতি নির্বাচনে তারা প্রতিদ্বন্দ্বিতা করবেন। আগামী বৃহস্পতিবার শ্রী রেড্ডি তাঁর মনোনয়ন পেশ করবেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও ‘মন-কি-বাত’সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর

তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

Maharaja Bir Bikram-South :

জোলাইবাড়ি রাকের কোয়াইফাং কমিউনিটি হলে দক্ষিণ জেলা ভিত্তিক মহারাজা বীর বিক্রয় কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ।

Health Camp Sushanta Deb :

হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা বিশালগড় শাখার উদ্যোগে গতকাল বিশালগড় মোটর স্ট্যান্ডের অটো-রিক্সা শ্রমিক সংঘের অফিস গৃহে যানবাহন শ্রমিকদের নিয়ে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব। শিবিরে শ্রমিকদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূলে ওষধ প্রদান করা হয়।

First Division :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চতুর্থ স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার ফরোয়ার্ড ক্লাব ও জুয়েলস এসোসিয়েশনের খেলাটি গতরাতে ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নেশালোকে অনুষ্ঠিত খেলা ৩-৩ গোলে ড্র হয়। ফলে উভয় দল পয়েন্ট ভাগ করে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ ও সিপাহীজলা জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।
